



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

কো-কারিকুলাম ও এক্সট্রা কারিকুলাম শিশুদের পরিপূর্ণ জ্ঞান বিকাশে সহায়ক। বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরি স্কুল কর্তৃক আয়োজিত এক সাংস্কৃতিক অনুষ্ঠান আজ ২৭ অক্টোবর ২০২২ বৃহস্পতিবার বাউবির বঙ্গমাতা শেখ ফজিলাতুলেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার শিশুদের উদ্দেশ্যে বলেন, পাঠ্য বইয়ের পাশাপাশি কো-কারিকুলাম ও এক্সট্রা কারিকুলামের মাধ্যমে শিশুদের পরিপূর্ণ জ্ঞানের বিকাশ ঘটানো সম্ভব। যার মাধ্যমে তারা পরবর্তীতে সমাজের গঠনমূলক কাজে অবদান রাখতে সক্ষম হবে। তিনি আরও বলেন কো-কারিকুলাম ও এক্সট্রা কারিকুলাম কর্মকাণ্ড শিশুদের সাংস্কৃতিক, সামাজিক ও নান্দনিক বিকাশ ঘটিয়ে পরিপূর্ণ ব্যক্তি হিসেবে গড়ে ওঠতে সহায়তা করে। এ বিষয়ে শিক্ষক, অভিভাবক ও সংশ্লিষ্ট সবাই সম্মিলিতভাবে ভূমিকা রাখার আহবান জানান।



বাউবির ল্যাবরেটরি স্কুলের শিক্ষার্থীদের সাংস্কৃতিক অনুষ্ঠানে নৃত্যপরিবেশনা।

উপাচার্য শিশুদের সাংস্কৃতিক অনুষ্ঠান ও শিল্পকর্মের মাধ্যমে তাঁদের প্রতিভা বিকাশের কথা উল্লেখ করেন। উপাচার্য ল্যাবরেটরি স্কুলের সাথে সংশ্লিষ্টদের সঠিক পরিকল্পনার মাধ্যমে স্কুল পরিচালনার নির্দেশনা দেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাউবি প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, বাউবি ল্যাবরেটরি স্কুলের সভাপতি ও স্কুল অব এডুকেশন এর ডিন অধ্যাপক সুফিয়া বেগম। এসময় বাউবির বিভিন্ন স্তরের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ল্যাবরেটরি স্কুলের শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা-কর্মচারীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

অনুষ্ঠানে বাউবি ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক মো: শামসুল হক খানের তত্ত্বাবধানে স্কুলের বিভিন্ন ক্লাসের শিশু শিক্ষার্থীরা তাদের গান, নাচ, কবিতা আবৃত্তি ও নানা ধরনের উপস্থাপনার মাধ্যমে আমাদের স্বাধীনতা, সংস্কৃতি, গ্রামবাংলার চিত্র ও ঐতিহ্য তুলে ধরে। অনুষ্ঠান সঞ্চালনা করেন শিক্ষার্থী সুমাইয়া রুব্বাত ও ফাইমা আক্তার নেতী।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)